



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইস্টাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০১৪.১৮-৩২২

তারিখ: ২৫.০৯.২০১৮ খ্রি:

বিষয়: ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলাধীন সরিষা ডেকুয়ারচর দাখিল মাদরাসায় ইবতেদায়ী স্তরে চাকুরিরত ইবতেদায়ী জুনিয়র মৌলভী জনাব আকলিমা আক্তার এর এমপিওভুক্তিকরণ প্রসঙ্গে।

- সূত্র: (১) সরিষা ডেকুয়ারচর দাখিল মাদরাসার স্মারক নং-স/মা/নি (২) ১৮
(২) জেলা শিক্ষা অফিসার ময়মনসিংহ এর অনলাইন মতামতের কপি
(৩) বর্ণিত মাদরাসার এমপিও কপি
(৪) নিয়োগ সংক্রান্ত কাগজপত্র
(৫) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-১জি-৪৯৩ বিঃ/১০/৭৫৮/৩ বিশেষ

তারিখ: ১৭.০৯.২০১৮ খ্রি:

তারিখ: আগষ্ট/২০১৮ খ্রি:

তারিখ: মার্চ/২০১৮ খ্রি:

তারিখ: ০৭.০২.২০১২ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলাধীন সরিষা ডেকুয়ারচর দাখিল মাদরাসায় ইবতেদায়ী স্তরে চাকুরিরত ইবতেদায়ী জুনিয়র মৌলভী জনাব আকলিমা আক্তার বর্ণিত মাদরাসার ম্যানেজিং কমিটি কর্তৃক নিয়োগপ্রাপ্ত হয়ে ০১.০৮.২০১১ খ্রি. তারিখে ইবতেদায়ী জুনিয়র মৌলভী পদে যোগদান করেন মর্মে সূত্রে বর্ণিত ০১ ও ০৪ নং স্মারকের মাধ্যমে জানা যায়।

০২. ইবতেদায়ী স্তরে জুনিয়র মৌলভী পদে যোগদানের পর বর্ণিত মাদরাসার সুপার কর্তৃক জনাব আকলিমা আক্তারকে এমপিওভুক্ত করার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে আবেদন করা হলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক সূত্রে বর্ণিত ০৫ নং স্মারকের মাধ্যমে জানানো হয় যে, প্যাটার্ন অনুযায়ী ইবতেদায়ী স্তরে শূন্য পদ না থাকায় তাকে (জনাব আকলিমা আক্তার) এমপিওভুক্ত করার সুযোগ নেই।

০৩. সূত্রে বর্ণিত ০১ নং স্মারকের মর্মমতে জনাব মো: ইয়াকুব আলী, পিতা: মুত ইউসুফ আলী, জুনিয়র মৌলভী (ইনডেক্স নং-০৪৪৯১১) মার্চ/২০১৮ মাসে অবসরে যাওয়ায় বর্তমানে ইবতেদায়ী স্তরে ০৩ জন শিক্ষক কর্মরত আছেন মর্মে জানা যায়।

০৪. ২৪.০৩.২০১৩ খ্রি. তারিখে জারিকৃত সংশোধিত জনবল কাঠামো অনুযায়ী একটি দাখিল মাদরাসার ইবতেদায়ী স্তরে ০৪ জন শিক্ষকের প্যাটার্ন রয়েছে।

০৫. সূত্রে বর্ণিত ০২ নং স্মারকের মর্মমতে জেলা শিক্ষা অফিসার ময়মনসিংহ কর্তৃক নিম্নরূপ মতামত প্রদান করা হয়েছে:

“Please apply to DME with hard copy for legal opinion.”

০৬. ১৯.০৭.২০১৮ খ্রি. তারিখে জারিকৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ৯(খ) অনুচ্ছেদে নিম্নরূপ নির্দেশনা রয়েছে:

“এমপিওভুক্ত উদ্বৃত্ত পদের শিক্ষক-কর্মচারীদের সমন্বয়ের পর অবশিষ্ট শূন্য পদে দাখিল, আলিম, ফাযিল এবং কামিল মাদ্রাসার স্তরে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত এমপিওভুক্ত নয় এমন একই বিষয়/পদে শিক্ষক/কর্মচারীগণকে প্যাটার্নভুক্ত শূন্যপদের বিপরীতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সমন্বয় করতে হবে।”

০৬. এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলাধীন সরিষা ডেকুয়ারচর দাখিল মাদরাসায় ইবতেদায়ী স্তরে বর্তমানে জুনিয়র মৌলভীর একটি পদ শূন্য থাকায় উক্ত শূন্য পদে চাকুরিরত জুনিয়র মৌলভী জনাব আকলিমা আক্তারকে এমপিওভুক্তকরণের ক্ষেত্রে কোন প্রতিবন্ধকতা নেই মর্মে মাদরাসা শিক্ষা অধিদপ্তরের নিকট প্রতীয়মান হয়।

জেলা শিক্ষা অফিসার,
ময়মনসিংহ।

NO 25.09.18
নাজনীন সুলতানা
সহকারি পরিচালক (অডিট ও আইন)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর

অনুলিপি :

০১. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
০২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
০৩. সুপার, সরিষা ডেকুয়ারচর দাখিল মাদরাসা ডাক: কুর্শিপাড়া, উপজেলা: ঈশ্বরগঞ্জ, জেলা: ময়মনসিংহ।
০৪. অফিস কপি।